

2026

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

*All questions are compulsory.**Marks are indicated against each question.*

UNIT - I (Prose)

(গদ্যাংশ)

- ১। যাহা প্রতিহত করা যায় না তাকে— ১
- (ক) অপ্রতিহত বলে (খ) অপ্রত্যাশিত বলে
- (গ) অপ্রত্যয়ী বলে (ঘ) অপ্রস্তুত বলে
- ২। প্যারাদাইস লস্ট-এর লেখক কে? ১
- (ক) লিটন (খ) মিল্টন
- (গ) রোড্যা (ঘ) সেক্সপীয়র
- ৩। 'অলিকতা' শব্দের অর্থ কী? ১
- ৪। রাজধর্ম কী? ২
- ৫। টীকা লেখো : 'হোমার' ৩
- ৬। "যে যায় সে তো আর ফিবে না"—অর্থ পরিস্ফুট করো। ৪
- ৭। আমাদের জীবনের উপর রূপকথার স্থায়ী প্রভাব বিচার করো। ৬
- ৮। 'রাজধর্ম' প্রবন্ধে অবলম্বনে রামচন্দ্রের চরিত্র বিশ্লেষণ করো। ৭

P.T.O.

UNIT - II (Poetry)

(পদ্যাংশ)

- ৯। “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে”—নীর শব্দের অর্থ কী? ১
- (ক) পুকুরের জল (খ) বৃষ্টির জল
(গ) কূপের জল (ঘ) নদীর জল
- ১০। দুই বিঘা জমি কবিতায় জমির মালিকের নাম কী? ১
- (ক) নূপেন (খ) দীপেন
(গ) উপেন (ঘ) দীপক
- ১১। ‘কান্তে’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
- ১২। রানার কাকে বলে? তার কাজ কী? ২
- ১৩। সনেট বলতে কী বোঝায়? ২
- ১৪। টীকা লেখো : “নূতন খবর” ৩
- ১৫। “দিগন্তে মুক্তিকা ঘনায়ে
আসে ওই! চেয়ে দ্যাখো বন্ধু!
কান্তেটা রেখেছো কি শানায়ে
এ-মাটির কান্তেটা, বন্ধু!”
—তাৎপর্য বিশ্লেষণ করো। ৪
- ১৬। সনেট কবিতার বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ৬

UNIT - III (Reading)

(পঠন)

নিম্নোক্ত রচনাটি পড়ে ১৭, ১৮, ১৯, ২০, ২১, ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :

কৃষ্ণদাস কবিরাজ মধ্যযুগীয় অন্যতম শ্রেষ্ঠ বাঙ্গালী কবি। তিনি “চৈতন্যচরিতামৃত” গ্রন্থ রচনা করিয়া যশস্বী হন। তাঁহার জন্মকাল সম্পর্কে মতভেদ আছে। কাহারো মতে তিনি ১৫২৮ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন। কাহারও মতে, তিনি জন্মগ্রহণ করেন ১৫১৭ খ্রিষ্টাব্দে। আবার কাহারও মতে তাঁহার জন্ম হয় ১৪৯৬ খ্রিষ্টাব্দে। বর্ধমান জেলার অন্তর্গত ঝামটপুর গ্রামে এক দরিদ্র বৈদ্য বংশে কৃষ্ণদাস কবিরাজ জন্মগ্রহণ করেন।

তাঁহার পিতার নাম ভগীরথ ও মাতার নাম সুনন্দা দেবী। পিতার চিকিৎসা ব্যবসা পরিচালনার জন্য তিনি বাল্যকালে সংস্কৃত অধ্যয়ন করেন। কালক্রমে শ্রীচৈতন্যের নামগানে তিনি মুগ্ধ হন। বৈষ্ণব ধর্মের প্রতি তাঁহার অনুরাগ জন্মে। ভট্ট গোস্বামী তাঁহার দীক্ষা গুরু ছিলেন। গোবিন্দ লীলামৃত রচনার পরে গোস্বামীগণ তাঁহাকে “কবিরাজ” উপাধিতে ভূষিত করেন। তাঁহার অগাধ পাণ্ডিত্য ও ভক্তির জন্য তিনি বৃন্দাবনবাসীর নিকট শঙ্কর পাত্র হইয়া উঠেন। তাহাদের অনুরোধে তিনি বাংলা পদ্যে শ্রীচৈতন্যের জীবন চরিত “চৈতন্য চরিতামৃত” রচনা করেন। তাঁহার গ্রন্থটি বিভিন্ন চৈতন্য জীবনী গ্রন্থে অবলম্বনে রচিত হয়। আনুমানিক ১৬১৬ খ্রিষ্টাব্দে গ্রন্থটির রচনা সমাপ্ত হয়। ইহা চৈতন্যজীবনী বিষয়ক প্রামাণ্য গ্রন্থ।

- ১৭। কৃষ্ণদাস কবিরাজ কোন্ যুগের কবি? ১
- (ক) প্রাচীন যুগের (খ) মধ্যযুগের
- (গ) আধুনিক যুগের (ঘ) উপরের কোনটাই নয়
- ১৮। কৃষ্ণদাস কবিরাজ কোন্ গ্রন্থ রচনা করেন? ১
- ১৯। কৃষ্ণদাস কবিরাজ কোথায় জন্মগ্রহণ করেন? ১
- ২০। কৃষ্ণদাস কবিরাজের দীক্ষাগুরু কে ছিলেন? ১
- ২১। কৃষ্ণদাস কবিরাজ কীভাবে বৃন্দাবনবাসীর কাছে শঙ্কর পাত্র হন? ২
- ২২। কৃষ্ণদাস কবিরাজ কীভাবে কবিরাজ উপাধি লাভ করেন? ২
- ২৩। সারাংশ লেখো : ২
- তবু ভরিল না চিন্তা! ঘুরিয়া ঘুরিয়া
কত তীর্থ হেরিলাম! বন্দি পুলকে,
বৈদ্যনাথে; মুঙ্গেরের সীতাকুণ্ডে গিয়া
কাঁদিলাম চিরদুঃখী জানকীর দুঃখে;
হেরিনু বিদ্যা-বাসিনী বিদ্যে আরোহিয়া;
করিলাম পুণ্য-স্নান ত্রিবেণী-সঙ্গমে।

UNIT - IV (History of Bengali Literature)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

- ২৪। প্রাচীন বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৭
- ২৫। মনসামঙ্গল কাব্যধারার সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা করো। ৮

UNIT - V (Grammar)

(ব্যাকরণ)

- ২৬। ক্রিয়া সম্পাদন করতে কর্তা যাহাকে উপায় হিসাবে ব্যবহার করে তাকে— ১
- (ক) কর্মকারক বলে (খ) কর্তৃকারক বলে
(গ) করণকারক বলে (ঘ) সম্প্রদানকারক বলে
- ২৭। শুদ্ধ শব্দটি লেখ— ১
- (ক) কৃসক (খ) কৃষক
(গ) কিষক (ঘ) ক্রিশক
- ২৮। জায়া ও পতি = দম্পতি - কোন্ সমাস? ১
- (ক) বিপরিতার্থক দ্বন্দ্ব সমাস (খ) মিলনার্থক দ্বন্দ্ব সমাস
(গ) অলুক দ্বন্দ্ব সমাস (ঘ) সাধারণ দ্বন্দ্ব সমাস
- ২৯। যে ভাষা অন্য ভাষা থেকে অবিকৃত ভাবে বাংলায় এসেছে তাকে কী বলে? ১
- (ক) দেশী (খ) তৎসম
(গ) বিদেশী (ঘ) তদ্ভব
- ৩০। বাচ্য কয় প্রকার? ১
- (ক) দুই প্রকার (খ) তিন প্রকার
(গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার
- ৩১। যাহা বাক্যে প্রকাশ করা যায় না তাকে কী বলে? ১
- ৩২। উক্তি কত প্রকার? ১
- ৩৩। সমার্থক শব্দ লেখো : 'অমৃত' ১

৩৪। সম্বন্ধ পদ কাকে বলে?	৫
৩৫। অব্যয় কাকে বলে?	৫
৩৬। প্রত্যয় কাকে বলে? প্রত্যয় কত প্রকার ও কী কী?	৬

UNIT-VI (Short stories)

(ছোট গল্প)

৩৭। রামকানাইয়ের ভাইয়ের নাম কী?	১
(ক) রাইচরণ	(খ) কৃষ্ণচরণ
(গ) গুরুচরণ	(ঘ) শ্যামচরণ
৩৮। বরদা সুন্দরী কে?	১
(ক) গুরুচরণের প্রথম স্ত্রী	(খ) গুরুচরণের দ্বিতীয় স্ত্রী
(গ) গুরুচরণের দিদি	(ঘ) গুরুচরণের মাসী
৩৯। রাইচরণ কোন্ গল্পের চরিত্র?	১
৪০। মিনির বাবা কী প্রকৃতির লোক ছিলেন?	১
৪১। কাবুলিওয়ালা ও মিনির মধ্যে কী ধরনের কথাবার্তা হত?	২
৪২। টীকা লেখো : 'কেলাসবাসিনী'	২
৪৩। "তোমাদের মিলন সুখে আমার মিনির কল্যাণ হোক।" আলোচনা করো।	৩
৪৪। "মরণকালে বুদ্ধি নাশ হয়" — উদ্ধৃতাংশের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।	৪